

স্মারক নম্বর-০৫.৪২.১২৩৩.০০০.০২.০১২.২২-৩৩৭(১৫)

১৬ জ্যৈষ্ঠ ১৪২৯ বাং
৩০ মে ২০২২খ্রি.

বিষয় : মাননীয় প্রধানমন্ত্রীর ১০(দশ)টি উদ্ভাবনী উদ্যোগ নিয়ে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কর্মশালায় উপস্থাপনের জন্য তথ্যাদি সরবরাহ প্রসঙ্গে।

সূত্রঃ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা এর ২৫ শে এপ্রিল ২০২২ তারিখের ০৩.০৩.২৬৯০.০৯৩.২০. ০৬০.২১-৩৯০নং স্মারক ও জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া মহোদয় কার্যালয়ের আইসিটি শাখার ১০/০৫/২০২২খ্রি. তারিখের ০৫.৪২.১২০০.০২৭.২৯.০০৭.২২-৮০ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০৪১ সালের মধ্যে উন্নত বাংলাদেশ বিনির্মাণে এ দেশের সকল মানুষের মৌলিক অধিকার নিশ্চিতকরণসহ দারিদ্র ও ক্ষুধামুক্তি, বাসস্থান, শিক্ষা, চিকিৎসা ও সামাজিক নিরাপত্তা বিষয়কে অগ্রাধিকার প্রদান করে মাননীয় প্রধানমন্ত্রীর বিভিন্ন সময়ে প্রয়োজনের নিরিখে বিশেষ বিশেষ উদ্যোগ গ্রহণ করেছেন। যার মধ্যে আমার বাড়ি আমার খামার, আশ্রয়ণ প্রকল্প, ডিজিটাল বাংলাদেশ, শিক্ষা সহায়তা কর্মসূচি, নারীর ক্ষমতায়ন, ঘরে ঘরে বিদ্যুৎ, কমিউনিটি ক্লিনিক ও মানসিক স্বাস্থ্য, সামাজিক নিরাপত্তা কর্মসূচি, পরিবেশ সুরক্ষা ও বিনিয়োগ বৃদ্ধি অন্যতম যা মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ দশ উদ্যোগ নামে পরিচিত। এ লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের গভর্নেন্স ইনোভেশন ইউনিট কর্তৃক স্থানীয় অংশীজনদের অংশগ্রহণে আগামী ০৭.০৬.২০২২ খ্রি. তারিখ রোজ- মঙ্গলবার সকাল ১০:৩০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে উক্ত বিশেষ দশ উদ্যোগ বিষয়ক উপজেলা পর্যায়ে দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হয়েছে।

উক্ত প্রশিক্ষণ কর্মশালায় উপস্থাপনের নিমিত্ত উদ্যোগসমূহের বিষয়ে তাঁর দপ্তরের অর্জিত সাফল্য, বাস্তবায়ন চ্যালেঞ্জ ও নতুন সম্ভাবনা সংক্রান্ত ধারণা এবং উদ্যোগ সমূহের বহুল প্রচারে করণীয় তথ্যাদি সুপারিশসহ আগামী ০৬/০৬/২০২২খ্রি. তারিখের মধ্যে অত্রাফিসে হার্ডকপি ও ফিরতি মেইলে সফট কপি (নিকস ফন্ট) জরুরি ভিত্তিতে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

(অরবিন্দ বিশ্বাস)
উপজেলা নির্বাহী অফিসার
আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া
unoashuganj1@gmail.com

জনাব

উপজেলাকর্মকর্তা

আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে :

০১। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।

০২। উপ পরিচালক, জিআইইউ ও আয়ন-ব্যয়ন কর্মকর্তা। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।

০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ব্রাহ্মণবাড়িয়া।

০৪। অফিস কপি।